# তারেক রহমানের নেতৃত্বে স্বপ্নের বাংলাদেশ গড়া সম্ভব: স্নিগ্ধ



সংগৃহীত ছবি

নাটোরের আলাইপুরে জেলা বিএনপির কার্যালয়ে আয়োজিত মতবিনিময় সভায় মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ দাবি করেছেন, দেশের ভবিষ্যৎ পরিবর্তনের দায়িত্ব এখন তরুণদের। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে দেশের রাজনীতি নতুন দিশা পেতে পারে।

আজ সোমবার (১০ নভেম্বর) নাটোরের আলাইপুরে জেলা বিএনপির কার্যালয়ে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এমন মন্তব্য করেন।

স্নিগ্ধ বলেন, তরুণ নেতৃত্বকে সামনে নিয়ে আসা এবং দেশের নীতি পরিবর্তনে কার্যকর উদ্যোগ নেওয়া তারেক রহমানের পরিকল্পনার অংশ। তিনি আশাবাদ ব্যক্ত করেন, সকলের সহযোগিতায় এই পরিকল্পনা বাস্তবায়িত হলে শহীদদের স্বপ্নের বাংলাদেশ গড়ে তোলা সম্ভব।

তিনি আরও বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শ ধরে রাখতেই বিএনপির নেতাকর্মীরা দেশ ও গণতন্ত্রের জন্য কাজ করবে। গত ১৭ বছরে শেখ হাসিনার শাসন দেশে নানা নিপীড়ন ও নির্যাতন এনেছে, বিশেষ করে বিএনপির বিরুদ্ধে। স্নিগ্ধ বলেন, আগামী নির্বাচনে ধানের শীষে ভোট দিয়ে বেগম জিয়া ও তারেক রহমানকে ক্ষমতায় আনা হবে।

সভায় জেলা বিএনপির আহ্বায়ক রহিম নেওয়াজ সভাপতিত্ব করেন, সঞ্চালনায় ছিলেন ফরহাদ আলী দেওয়ান শাহীণ। জেলা যুবদল, ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের নেতৃবৃন্দসহ আরও অনেকে বক্তব্য রাখেন।